# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (a) সম্প্রতি হিন্দুস্থান জিঙ্ক লিমিটেড সংস্থার রামপুরা আগুছা মাইন এবং জাওয়ার গ্রুপ অফ মাইন প্রথম গ্রেঙ্কো- সার্টিফায়েড মাইনের তকমা পেয়েছে। অ্যাচিভার্স

2. (d) সম্প্রতি সৌদি আরবের জেড্ডাতে অনুষ্ঠিত ২০২৩ সালের সৌদি আরব গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন মেক্সিকো'র রেড বুল ড্রাইভার সার্জিও পেরেজ।

3. (a) ২০ মার্চ সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড হ্যাপিনেস ডে পালিত হল, যার এবছরের থিম হল -' Be Mindful, Be Greatful, Be Kind'.

4. (a) ২০ মার্চ সারা ওড়িশা রাজ্যজুড়ে পাখলা দিবস পালিত হল। ২০১১ সালে প্রথম এই দিবসটি পালন করা শুরু হয়েছিল।

5. (d) সম্প্রতি প্রকাশিত 'A Matter of The Heart: Education in India' নামক গ্রন্থের রচয়িতা হলেন আজিম প্রেমজী ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ভাইস চ্যান্সেলর অনুরাগ বেহার।

6. (a) সম্প্রতি প্রীতম কোটালের নেতৃত্বাধীন এটিকে মোহনবাগান এফসি দল ২০২২-২৩ সালের হিরো আইএসএলে বেঙ্গালুরু এফসিকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে। অ্যাচিভার্স

7. (a) ২১ মার্চ ভারত ও আফ্রিকা'র মধ্যে 'AFINDEX-2023' নামক ফিল্ড ট্রেনিং এক্সারসাইজ অনুষ্ঠিত হল। এখানে ২৩টি আফ্রিকান দেশ অংশগ্রহণ করেছিল।

8. (d) সম্প্রতি কলকাতায় যে অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ার শ্যালো ওয়াটার ক্র্যাফট চালু হয়েছে তার নাম হল INS Androth। এটি গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড তৈরি করেছে।

9. (a) সম্প্রতি ২০২৩ সালের ইওনেক্স অল ইংল্যান্ড ওপেন ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপের পুরুষদের সিঙ্গলসে চীনের লি শিফেং, চীনের শি ইউ-কি কে ২৬-২৪, ২১-৫ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন।

10. (d) ২২ মার্চ সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ওয়াটার ডে পালিত হল, যে দিবসটি ১৯৯৩ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল।

11. (a) ২১ মার্চ সারা বিশ্বজুড়ে পালিত হল আন্তর্জাতিক অরণ্য দিবস, যার এবছরের থিম হল- 'Forests and Health'

12. (b) সম্প্রতি প্রয়াত বিশিষ্ট সাংবাদিক অভয় ছাজলানি ২০০৯ সালে সাহিত্য ও শিক্ষা ক্ষেত্রে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছিলেন। অ্যাচিভার্স

13. (a) ২৩ মার্চ সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড মেটিওরোলিজিক্যাল ডে পালিত হল, যার এবছরের থিম হল- The Future of Weather, Climate, and Water across Generations'.

14. (c) ২০-২২ মার্চ আরব সাগরের কোঙ্কণ উপকূলে ব্রিটিশ যুক্তরাজ্য ও ভারতের মধ্যে যৌথ নৌ মহড়া 'Konkan 2023' অনুষ্ঠিত হয়ে গেল। অ্যাচিভার্স

> **বিঃদ্রঃ–** অ্যাচিভার্সে দেওয়া ১৪ নম্বর প্রশ্নের উত্তর অপশন (a)-র পরিবর্তে (c) হবে। এই অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমাপ্রার্থী।

15. (a) সম্প্রতি ব্রিকস সদস্যভুক্ত দেশগুলি নিয়ে গঠিত নিউ ডেভেলপমেন্ট ব্যাঙ্কের নতুন সদস্য হিসাবে নিযুক্ত হয়েছে ইজিপ্ট।

16. (c) ২৪ মার্চ সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড টিবি দিবসের এবছরের থিম হল-Yes! We Can End TB!

17. (b) সম্প্রতি রাজস্থান ভারতের প্রথম রাজ্য হিসাবে সমস্ত রাজ্যবাসীর জন্য স্বাস্থ্য সুরক্ষা সুনিশ্চিত করতে 'রাইট টু হেলথ অ্যাক্ট' পাশ করেছে।

18. (a) জাতীয় পেনশন সিস্টেমের পুনর্গঠনের উদ্দেশ্য কেন্দ্রীয় সরকার তরুণ বাজাজের নেতৃত্বে এক কমিটি গঠন করেছে।

19. (c) সম্প্রতি নিউ ডেভেলপমেন্ট ব্যাঙ্কের প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হয়েছেন ব্রাজিলের প্রাক্তন প্রেসিডেন্ট দিলমা ভন রুসেফ। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী মার্কোজ ত্রোজো'র স্থলাভিষিক্ত হয়েছেন। অ্যাচিভার্স

20. (b) সম্প্রতি প্রয়াত গর্ডন আর্লি মুর ইন্টেল কর্পোরেশন অ্যান্ড অথার অফ মুর'স ল'-এর সহপ্রতিষ্ঠাতা ছিলেন।

21. (d) সম্প্রতি ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার এবং ন্যাশনাল অ্যালুমিনিয়াম কোম্পানি লিমিটেড নামক সংস্থাদ্বয় ভারতের প্রথম বক্সাইট সার্টিফায়েড রেফারেন্স মেটেরিয়াল– 'BARC B1201' তৈরি করেছে।

22. (a) সম্প্রতি ওয়ার্ল্ড ব্যাঙ্ক সংস্থা অসম ইন্টিগ্রেটেড রিভার বেসিন ম্যানেজমেন্ট প্রোজেক্টের জন্য ১০৮ মিলিয়ন মার্কিন ডলার অর্থ বরাদ্দ করেছে।

    **এক নজরে ওয়ার্ল্ড ব্যাঙ্ক—**

    **প্রতিষ্ঠাকাল :** ১৮১৮ সাল

    **সদর কার্যালয় :** ওয়াশিংটন ডিসি।

    **বর্তমান সদস্য দেশ :** ১৮৯টি।

23. (a) সম্প্রতি ভারতীয় হকি দলের মিডফিল্ডার সালিমা টেটে এশিয়ান হকি ফেডারেশনের অ্যাথলিটস অ্যাম্বাসাডর হিসাবে নিযুক্ত হলেন। অ্যাচিভার্স

24. (a) ১৫-২৬ মার্চ ভারতের নতুন দিল্লিতে মহিলাদের ১২তম ওয়ার্ল্ড বক্সিং চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হল। ভারত ৪টি সোনার মেডেল জয়লাভ করে পদক তালিকায় শীর্ষস্থানে রয়েছে।

25. (b) অড়হর ডালের মজুত সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা করার উদ্দেশ্যে কেন্দ্রীয় উপভোক্তা ও গণবণ্টন বিষয়ক মন্ত্রক নিধি খেরের নেতৃত্বে এক কমিটি গঠন করেছে। অ্যাচিভার্স

26. (c) ভারতকে পণ্য বিকাশ ও উৎপাদনকারী জাতিতে পরিণত করার জন্য কেন্দ্রীয় ইলেকট্রনিক্স ও ইনফর্মেশন টেকনোলজি মন্ত্রক ভুবনেশ কুমারের নেতৃত্বে নয় সদস্যের এক টাস্কফোর্স গঠন করেছে।

27. (b) সম্প্রতি ইনস্টিটিউট ফর ইকনমিক্স অ্যান্ড পিস কর্তৃক প্রকাশিত 'গ্লোবাল টেররিজম ইনডেক্স'-এ ভারত ১৩তম স্থানে রয়েছে। আফগানিস্তান এই তালিকায় প্রথম স্থানে রয়েছে।

28. (c) সম্প্রতি সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক প্রত্যক্ষ কর সংগ্রহের জন্য সিবিডিটি'র সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে। এই ব্যাঙ্ক 'Over the Counter Mode'-এ কর সংগ্রহ করবে।

29. (b) সম্প্রতি CRIF Connect Pvt. Ltd. নামক কোম্পানি NBFC Account Aggregator হিসাবে কাজ করার জন্য আরবিআই-এর কাছ থেকে অনুমোদন লাভ করেছে।

30. (d) সম্প্রতি কেন্দ্রীয় গ্রামোন্নয়ণমন্ত্রক দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল্যা যোজনার আওতায় কর্মসংস্থানের জন্য ১৯টি কর্মপ্রদানকারী সংস্থার সাথে মউ স্বাক্ষর করেছে।

31. (c) PFRDA সম্প্রতি ওম্বাডসমেনের সর্বোচ্চ বয়সসীমা ৬৫ বছর থেকে বাড়িয়ে ৭০ বছর করেছে। অ্যাচিভার্স

32. (a) সম্প্রতি ওড়িশা রাজ্যের গন্দমার্দন পর্বতকে ভারতের ৩৭তম বায়োডাইভার্সিটির হেরিটেজ সাইটের মর্যাদা দেওয়া হল। এটি বারগড় এবং বালাঙ্গির জেলায় অবস্থিত।

33. (b) সম্প্রতি জাপান, ভারতের পাটনা, পশ্চিমবঙ্গ ও রাজস্থানে ইনফ্রাস্ট্রাকচার প্রোজেক্ট বাস্তবায়নে ৭০৮৪.৫ কোটি টাকা প্রদান করেছে।

34. (b) ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া ইউপিআই মাধ্যমে ২০০০ টাকার উর্ধ্বে পেমেন্ট করার জন্য সর্বাধিক ১.১ শতাংশ চার্জ ধার্য করেছে।

35. (a) সম্প্রতি আর্জেন্টাইন-মার্কিন গণিতজ্ঞ লুইস অ্যাঞ্জেল ক্যাফারেল্লি ২০২৩ সালের অ্যাবেল প্রাইজে ভূষিত হয়েছেন।

36. (b) সম্প্রতি কটন কর্পোরেশন অফ ইন্ডিয়ার সিএমডি হিসাবে নিযুক্ত হলেন ললিত কুমার গুপ্তা। তিনি পরবর্তী পাঁচ বছর এই পদে নিযুক্ত থাকবেন।

37. (a) কেন্দ্রীয় ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রক সম্প্রতি কর্ণাটকের ধারবাদে ইলেকট্রনিক্স ম্যানুফ্যাকচারিং ক্লাস্টার গড়ে তোলার অনুমোদন প্রদান করেছে। এই প্রোজেক্ট বাস্তবায়িত হলে প্রায় ১৮,০০০ জনের কর্মসংস্থান হবে। অ্যাচিভার্স

38. (a) সম্প্রতি দ্য নিউজ মিনিটে'র সহপ্রতিষ্ঠাতা ও সম্পাদক ডি রাজেন্দ্রন ২০২২ সালের চামেলি দেবী জৈন অ্যাওয়ার্ডে'র আউটস্ট্যান্ডিং ওমেন মিডিয়া পার্সন বিভাগে পুরস্কৃত হয়েছেন।

39. (a) সম্প্রতি স্পাইস জেটের প্রাক্তন সিএমডি অজয় সিং অ্যাসোচামের প্রেসিডেন্ট হিসাবে এই পদে পূর্ববর্তী পদাধিকারী সুমন্ত সিনহার স্থলাভিষিক্ত হলেন।

40. (b) সম্প্রতি হিমাচল প্রদেশের কাংরা চা ইউরোপিয়ান জিআই ট্যাগ পেয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০০৫ সালে কাংরা চা ভারতীয় জিআই ট্যাগ পেয়েছে। অ্যাচিভার্স

41. (b) সম্প্রতি ইউকো ব্যাঙ্ক স্বাস্থ্য বিমা সংক্রান্ত বিভিন্ন পলিসি বিক্রি করার জন্য আদিত্য বিড়লা হেলথ ইন্সিয়োরেন্স কোম্পানি লিমিটেডের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

42. (d) সম্প্রতি Ambid Finvest Pvt. Ltd. নামক ননব্যাঙ্কিং ফিনান্সিয়াল কোম্পানি D2D Instant Loan Application প্রসেস করার জন্য SKALEUP এর সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

43. (a) সম্প্রতি জম্মু-কাশ্মীরের বিশিষ্ট বন্যপ্রাণী সংরক্ষণবাদী মহিলা আলিয়া মীর জম্মু-কাশ্মীরের প্রথম মহিলা হিসাবে ওয়াইল্ড লাইফ কনজার্ভেশন অ্যাওয়ার্ডে ভূষিত হলেন।

44. (c) ৩১ মার্চ সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল ট্রান্সজেন্ডার ডে অফ ভিজিবিলিটি পালিত হল। ২০০৯ সালে প্রথম এই দিবসটি পালন করা শুরু হয়েছিল।

45. (b) কেন্দ্রীয় ইকনমিক অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট সিনিয়র সিটিজেন সেভিংস স্কিমের সুদের হার ৮% থেকে বাড়িয়ে ৮.২% করেছে। এছাড়া এদিন কিষান বিকাশপত্রের মেয়াদের সময়সীমা ১২০ মাসের বদলে ১১৫ মাস করা হয়েছে।

46. (b) সম্প্রতি ডিবিএস ব্যাঙ্ক 'digiPortfolio' নামক প্লাটফর্মের মাধ্যমে বিনিয়োগ পরিষেবা চালু করেছে। এই প্লাটফর্মের মাধ্যমে কোনো বিনিয়োগকারী ১০,০০০ টাকা থেকে শুরু করে ৫০,০০০ টাকা পর্যন্ত বিনিয়োগ করতে পারেন।

47. (d) সম্প্রতি Credit Access Life Insurance Limited এবং Acko Life Insurance Limited বিমা কোম্পানি জীবনবিমা ব্যবসা শুরু করার জন্য IRDAI-এর কাছ থেকে ছাড়পত্র লাভ করেছে। অ্যাচিভার্স

48. (c) সম্প্রতি ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্ক গ্রাহকদের হোয়াটস অ্যাপের মাধ্যমে ব্যাঙ্কিং পরিষেবা দিতে ভারতীয় টেলিকম কোম্পানি এয়ারটেলের সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে।

49. (a) ২৫ মার্চ সারা বিশ্বজুড়ে 'আর্থ আওয়ার - ২০২৩' পালিত হল, যার এবছরের থিম হল— 'The Biggest Hour for Earth'.

50. (b) সম্প্রতি ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ভারতীয় মুদ্রায় মালয়েশিয়ার সঙ্গে লেনদেন করার জন্য 'স্পেশাল রুপি ভস্ত্রো অ্যাকাউন্ট' চালু করেছে।

51. (d) সম্প্রতি ভাইস অ্যাডমিরাল সঞ্জয় যশজিৎ সিং ভারতীয় নৌবাহিনীর ভাইস চিফ হিসাবে এই পদে পূর্ববর্তী পদাধিকারী এস এন ঘোরমাদে'র স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

52. (b) সম্প্রতি নীরজ নিগম RBI -এর এগজিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে RBI এর ভোপাল আঞ্চলিক অফিসের প্রধান হিসাবে কর্মরত ছিলেন।

53. (b) সম্প্রতি নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন অস্ট্রেলিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন।

54. (b) সম্প্রতি প্রয়াত সেলিম দুরানি ১৯৬১ সালে অর্জুন পুরস্কারে ভূষিত হয়েছিলেন। তিনি প্রথম ক্রিকেটীয় ব্যক্তিত্ব হিসাবে এই পুরস্কারে ভূষিত হন। তিনি ২০১১ সালে সি কে নাইডু লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডেও ভূষিত হয়েছিলেন।

55. (a) ২ এপ্রিল সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল চিলড্রেন বুক ডে পালিত হল, যার এবছরের থিম হল— 'I am a book, Read Me'.

56. (b) ৩-৮ এপ্রিল কলম্বোতে ভারত ও শ্রীলঙ্কার নৌবাহিনীর মধ্যে দশম যৌথ নৌমহড়া 'SLINEX' অনুষ্ঠিত হল।

57. (c) সম্প্রতি ভারতের রাষ্ট্রায়াত্ত বেসরকারি অ্যাক্সিস ব্যাঙ্ক 'Digital Dukan' চালু করার জন্য ভিসা'র সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

58. (a) সম্প্রতি অ্যাক্সিস সিকিউরিটিজ লিমিটেডের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন প্রণব হরিদাসন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী বি গোপকুমারের স্থলাভিষিক্ত হলেন।

59. (b) কেন্দ্রীয় গৃহ ও নগর বিষয়ক মন্ত্রক রিয়েল এস্টেট প্রোজেক্টের পর্যালোচনার উদ্দেশ্যে অমিতাভ কান্টের নেতৃত্বে ১৪ সদস্যের কমিটি গঠন করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, অমিতাভ কান্ট পূর্বে নীতি আয়োগের সিইও হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

60. (a) কেন্দ্রীয় সরকার এপ্রিল, ২০২৩ অনুযায়ী মোট ৪৬৫টি পণ্যের জিআই ট্যাগ প্রদান করেছে। এপ্রিল ২০২৩-এ বিহারের ১টি, উত্তরপ্রদেশ ১০টি, মধ্যপ্রদেশ ১টি, ছত্তিশগড় ১টি, তামিলনাড়ু ১১টি, লাদাখ ১টি এবং জম্মু-কাশ্মীরের ৮টি পণ্যের জিআই ট্যাগ প্রদান করেছে।

61. (b) সম্প্রতি মডার্ন কোচ ফ্যাক্টরি স্টেডিয়ামের নাম পরিবর্তন করে 'রানি গার্লস হকি টার্ফ' রাখা স্টেডিয়ামটি উত্তরপ্রদেশের রায়বেরিলিতে অবস্থিত।

62. (a) সম্প্রতি ন্যাটোর ৩১তম সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হল ফিনল্যান্ড।
**একনজরে ন্যাটো—**
**প্রতিষ্ঠাকাল :** ১৯৪৯ সাল।
**সদর কার্যালয় :** ব্রুসেলস, বেলজিয়াম।
**বর্তমান সদস্য দেশ :** ৩১টি।

63. (d) সম্প্রতি Comprehensive and Progressive Agreement for Trans-Pacific Partnership (CPTPP) এর ১২তম সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হল ব্রিটিশ যুক্তরাজ্য।

64. (d) ৫ এপ্রিল সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল ডে অফ কনসায়েন্স পালিত হল। ২০২০ সালে প্রথম এই দিবসটি পালন করা শুরু হয়েছিল।

65. (b) সম্প্রতি প্রয়াত জগন্নাথ মাহাতো ঝাড়খণ্ডের প্রাক্তন শিক্ষামন্ত্রী ছিলেন। তিনি ঝাড়খণ্ড মুক্তি মোর্চা দলের হয়ে দীর্ঘদিন ঝাড়খণ্ড বিধানসভার সদস্য ছিলেন।

66. (c) ৬ এপ্রিল সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল ডে অফ স্পোর্ট ফর ডেভেলপমেন্ট অ্যান্ড পিস পালিত হল, যার এবছরের থিম হল— 'Scoring for People and the Planet'.

67. (d) সম্প্রতি মহারাষ্ট্রে ইন্ডিয়া গ্রিড ট্রাস্ট কর্তৃক প্রথম 'ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেম' প্রোজেক্ট গড়ে উঠল।

68. (d) সম্প্রতি কেরল রাজ্যের শিপিং অ্যান্ড ইনল্যান্ড নেভিগেশন কর্পোরেশন সৌরশক্তি চালিত হাইব্রিড বোর্ড 'Sooryamshu' চালু করেছে।

69. (c) সম্প্রতি UIDAI অনলাইন আধার পরিষেবার ফি প্রদান করার জন্য রাজোরপে'র সঙ্গে মউ স্বাক্ষর করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, আধারের কোনো কিছু তথ্য সংশোধন করতে গেলে প্রতি সংশোধন পিছু ৫০ টাকা ফি ধার্য করা হয়।

70. (b) ৭ এপ্রিল পালিত 'ওয়ার্ল্ড হেলথ ডে'র এবছরের থিম হল— 'Health for All'. ১৯৪৮ সালে প্রথম এই দিবসটি পালন করা শুরু হয়েছিল।

71. (a) সম্প্রতি প্রকাশিত 'বেস্ট পাবলিক ট্রান্সপোর্ট ইন দ্য ওয়ার্ল্ড-২০২৩' এ ভারতের মুম্বাই ভারতের মধ্যে প্রথম তথা সমগ্র তালিকায় ১৯তম স্থানে রয়েছে।

72. (b) ভারত সম্প্রতি ইউনাইটেড নেশনস ট্রাস্ট ফান্ডে ২ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, রাষ্ট্রসংঘে নিযুক্ত ভারতের স্থায়ী প্রতিনিধি রুচিরা কাম্বোজের মাধ্যমে এই অর্থ প্রদান করা হয়।

73. (b) সম্প্রতি বলিউড চলচ্চিত্র অভিনেতা শাহরুখ খান 'টাইম ১০০ লিডার পোল'-এ জয়লাভ করেছেন।

74. (b) সম্প্রতি কর্ণাটকের মহীশূরে 'Commemoration of 50 Years of Project Tiger' প্রোগ্রাম চালু হয়েছে। ভারতের মধ্যে প্রথম রাজ্য হিসাবে কর্ণাটক এই প্রোগ্রাম চালু করেছে।

75. (a) সম্প্রতি উত্তরপ্রদেশে এশিয়ান কিং ভালচার এর জন্য 'জটায়ু কনজার্ভেশন অ্যান্ড ব্রিডিং সেন্টার' গড়ে উঠল। এটি বিশ্বের প্রথম জটায়ু কনজার্ভেশন অ্যান্ড ব্রিডিং সেন্টার।

76. (d) সরকারি কর্মীদের পেনশন সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা করার উদ্দেশ্যে কেন্দ্রীয় অর্থ মন্ত্রক টি ভি সোমানাথনের নেতৃত্বে চার সদস্যের এক কমিটি গঠন করেছে। অন্যান্য সদস্যরা হলেন– দীপক মোহান্তি, অ্যান্নি ম্যাথিউ, রাধা চৌহান।

77. (c) সেবি প্রাথমিকভাবে ৩০০০ কোটি অর্থ নিয়ে 'কর্পোরেট ডেবট্ মার্কেট ডেভেলপমেন্ট ফান্ড' গড়ে তোলার জন্য অনুমোদন প্রদান করেছে।

78. (d) সম্প্রতি ইন্দো-মার্কিন পরিসংখ্যানবিদ সি রাধাকৃষ্ণ রাও ২০২৩ সালের ইন্টারন্যাশনাল স্ট্যাটিসটিক্স প্রাইজে ভূষিত হলেন। তিনি ১৯৬৮ সালে পদ্মভূষণ, ২০০১ সালে পদ্মবিভূষণ সম্মানে ভূষিত হয়েছেন।

79. (b) সম্প্রতি জার্মানির বার্লিনে অনুষ্ঠিত আর্মাগেদন চ্যাম্পিয়নশিপ সিরিজ-২০২৩ এশিয়া অ্যান্ড ওশিয়ানিয়া ইভেন্ট দাবা প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন ভারতীয় গ্র্যান্ড মাস্টার ডি গুকেশ।

80. (c) সম্প্রতি পশ্চিমবঙ্গের পানাগড়, কলাইকুন্ডা এবং উত্তরপ্রদেশের আগ্রা এয়ারফোর্স স্টেশনে ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের বায়ুসেনাবাহিনীর মধ্যে যৌথ বায়ুসেনা মহড়া 'Cope India 23' আয়োজিত হল।

81. (b) সম্প্রতি আইআইটি বোম্বাই প্রতিষ্ঠান টাচলেস বায়োমেট্রিক ক্যাপচার সিস্টেম কার্যকরী করতে UIDAI এর সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

82. (b) সম্প্রতি প্রয়াত নরেশ গুপ্তা তামিলনাড়ুর প্রাক্তন চিফ ইলেক্টোরাল অফিসার ছিলেন। তিনি ১৯৯১-১৯৯৩ পর্যন্ত তৎকালীন গভর্নর ভীষ্ম নারায়ণ সিং-এর ব্যক্তিগত সচিব, ২০০১-২০০২ পর্যন্ত সেরাজ্যের স্বরাষ্ট্র সচিব এবং ২০০২-২০০৫ পর্যন্ত তামিলনাড়ু রাজ্য প্ল্যানিং কমিশনের সদস্য সচিব ছিলেন।

83. (a) সম্প্রতি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'The Banker to every Indian' নামক কফি টেবিল বুক চালু করেছে।

84. (b) ১১ এপ্রিল সারা দেশজুড়ে ন্যাশনাল সেফ মাদার হুড ডে পালিত হল। ২০০৩ সালে প্রথম এই দিবসটি পালন করা শুরু হয়েছিল। অ্যাচিভার্স

85. (d) ২৩ ফেব্রুয়ারি থেকে ৭ এপ্রিল ভারতীয় সেনাবাহিনীর আন্দামান ও নিকোবর কমান্ড 'Ex KAVACH' নামক যৌথ সামরিক মহড়া আয়োজন করল। এই মহড়ায় ভারতীয় সেনা, নৌসেনা, বায়ুসেনা ও উপকূলরক্ষীবাহিনী অংশগ্রহণ করেছিল।

86. (a) সম্প্রতি প্রয়াত কেশব মাহিন্দ্রা ১৯৬৩-২০১২ পর্যন্ত মাহিন্দ্রা অ্যান্ড মাহিন্দ্রা গ্রুপের চেয়ারম্যান ছিলেন।

87. (b) ১২ এপ্রিল সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল ডে ফর স্ট্রিট চিলড্রেন' পালিত হল। ২০১১ সালে প্রথম এই দিবসটি পালন করা শুরু হয়েছিল।

88. (d) সম্প্রতি সোলার এনার্জি কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড মিনিরত্ন ক্যাটাগরি-১ এর তকমা লাভ করল। অ্যাচিভার্স

89. (a) সম্প্রতি কলকাতা মেট্রোরেল গঙ্গার নীচ দিয়ে মেট্রো চলাচলের আনুষ্ঠানিক সূচনা করেছে। হুগলি নদীর ৩২ মিটার নীচে এই মেট্রোরেলের সুড়ঙ্গটি তৈরি করা হয়েছে, যেটি এসপ্ল্যানেড থেকে হাওড়া ময়দান পর্যন্ত যাত্রা করবে।

90. (c) সম্প্রতি সিটি ইউনিয়ন ব্যাঙ্ক গ্রাহক চিহ্নিতকরণে ভয়েস বায়োমেট্রিক অথেন্টিকেশন চালু করেছে।

91. (d) ১৩ এপ্রিল অপারেশন মেঘদূতের স্মরণে সিয়াচেন ডে পালিত হয়। এবছর ৩৯তম সিয়াচেন ডে পালিত হল।

92. (b) সম্প্রতি ঘানা প্রজাতন্ত্র অক্সফোর্ড ইউনিভার্সিটির তৈরি করা R21/Matrix-M নামক ম্যালেরিয়া ভ্যাকসিন শিশুদের জন্য ব্যবহারের ক্ষেত্রে ছাড়পত্র দিয়েছে। অ্যাচিভার্স

93. (a) সম্প্রতি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, চেন্নাই মেট্রো রেল যাত্রীদের সিম ছাড়া ট্রানজাকশনের জন্য Singara Chennai Card চালু করেছে। এই কার্ডে রিচার্জ করার জন্য চার্জ হিসাবে ১.৮ শতাংশ মূল্য ধার্য করা হবে।

94. (b) সম্প্রতি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'অমৃত কলস' নামক ডিপোজিট স্কিম পুনরায় চালু করেছে, যাতে সিনিয়র সিটিজেনরা ৭.৬ শতাংশ এবং অন্যান্যরা ৭.১ শতাংশ হারে সুদ পেয়ে থাকেন। অ্যাচিভার্স

95. (d) সম্প্রতি অল ইন্ডিয়া ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন কর্তৃক প্রদত্ত 'বিজনেস লিডার অফ দ্য ডিকেড অ্যাওয়ার্ডে' ভূষিত হলেন আদিত্য বিড়লা গ্রুপের চেয়ারম্যান কুমার মঙ্গলম বিড়লা।

96. (a) সম্প্রতি উত্তরাখণ্ড রাজ্য 'A-HELP' নামক প্রোগ্রাম চালু করেছে।

97. (c) সম্প্রতি ২০২২ সালের 'মহারাষ্ট্র ভূষণ অ্যাওয়ার্ডে' ভূষিত হলেন ডক্টর আপ্পাসাহেব ধর্মাধিকারী। এই পুরস্কারের সম্মান স্বরূপ তিনি একটি উত্তরীয়, একটি শংসাপত্র, একটি স্মারক এবং ২৫ লক্ষ টাকার চেক পেয়েছেন। অ্যাচিভার্স

98. (d) সম্প্রতি রাজস্থনের নন্দিনী গুপ্তা ৫৯তম 'ফেমিনা মিস ইন্ডিয়া ওয়ার্ল্ডে' ভূষিত হলেন। তিনি আসন্ন মিস ওয়ার্ল্ড প্রতিযোগিতায় ভারতের হয়ে প্রতিনিধিত্ব করবেন।

99. (c) সম্প্রতি উত্তর কোরিয়া জলের নীচ দিয়ে আক্রমণকারী পারমাণবিক ড্রোন **'Haeil-2'** এর সফল পরীক্ষা করল।

100. (a) ১৭ এপ্রিল সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড হিমোফিলিয়া ডে' পালিত হল, যার এবছরের থিম হল--- 'Access for All : Prevention of Bleeds as the Global Standard of Care'.

★★★